

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
জেলা কার্যালয়, কুষ্টিয়া
dngrp.kushtia.gov.bd

স্মারক নম্বর- ২৬.০৪.৫০০০.৭১০.০৫.০০১.১৯.৪৩৭

তারিখ: ০৯ ডিসেম্বর, ২০১৯ খ্রি.

বিষয় : সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ এর অনুষ্টেদ ২.১ বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুষ্টিয়া জেলা কার্যালয়, কুষ্টিয়া কর্তৃক আগামী ১৫.১২.১৯ খ্রি. তারিখ, রবিবার বিকাল ০৩.৩০ ঘটিকায় “অংশীজনের অংশগ্রহণে” সভার আয়োজন করা হয়েছে।

০২। ৩১৯ নং কক্ষ, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা প্রশাসক এর কার্যালয়, কুষ্টিয়া অনুষ্ঠিতব্য উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

প্রাপক:

.....
.....
.....

(স্ব. সৈলিমুজ্জামান
০৯/১২/২০১৯)

মোঃ সৈলিমুজ্জামান

সহকারী পরিচালক

ফোন : ০৭১৭১৮৮৭

ad-kushtia@dngrp.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়, খুলনা।

২। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
জেলা কার্যালয়, কুষ্টিয়া
dncrp.kushtia.gov.bd

সভাপতি : জনাব মোঃ সেলিমুজ্জামান
সহকারী পরিচালক

তারিখ : ১৫-১২-১৯ খ্রি.

সময় : বিকাল ৩.৩০টা

স্থান : জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুষ্টিয়া জেলা কার্যালয়, কুষ্টিয়া।

সভার উপস্থিতি : পরিশিষ্ট-কএ সংযোজিত।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিভিন্ন শ্রেণীর ব্যবসায়ী এবং ভোক্তাগণ উপস্থিত ছিলেন। সভাপতি মহোদয় ব্যবসায়ীদের ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এবং এই সভার উদ্দেশ্য সম্পর্কে সকলকে অবহিত করেন।

২। মুক্ত আলোচনায় উপস্থিত সকলে অংশগ্রহণ করেন এবং তাঁরা নিম্নোক্ত বিষয়ে তাদের মতামত/পরামর্শ প্রদান করেন।


- হোটেল-রেস্টুরেন্টে খাদ্যে নিষিদ্ধ দ্রব্য ব্যবহার পরিহার, মানসম্মত খাবার পরিবেশন ভেজাল প্রতিরোধে করণীয় কি;
- হোটেল-রেস্টুরেন্টে কর্মরত কর্মচারীদের ট্রেনিংয়ের ব্যবস্থা করা যায় কিনা;
- দইয়ের ওজনের ব্যাপারে সঠিক পরিমাপ সম্পর্কে কিভাবে নিশ্চিত করা যাবে;
- পানির নির্ধারিত মূল্যের অতিরিক্ত মূল্য না রাখা;
- অনলাইন শপিং বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা যায় কিনা;
- নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় মাত্রায় রাখা যায় কিনা;
- আইন সম্পর্কে জন সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখা;
- অননুমোদিত প্রসাধনী সামগ্রী ক্রয়-বিক্রয় বিষয়ে;
- এলপিগি ব্যবসা বিষয়ে করণীয়;

৩। অতঃপর সভাপতি সকলের প্রশ্নোত্তরের পাশাপাশি আলোচ্য বিষয়ে করণীয় সম্পর্কে নিম্নোক্ত নির্দেশনা/পরামর্শ প্রদান করেন।

- ❖ তিনি ব্যবসায়ীদের ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কে অবহিত করে নিয়মের মধ্যে থেকে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার পরামর্শ দেন।
- ❖ মিষ্টি, বেকারী এবং রেস্টুরেন্ট ব্যবসা ব্যবসায়ীদের উদ্দেশ্যে প্রতিষ্ঠানের পরিষ্কার পরিচ্ছন্নতা রাখার সাথে সাথে কর্মচারীদের পোশাক-পরিচ্ছদ পরিষ্কার রাখার জন্য পরামর্শ দেয়া হয়। ভোক্তা স্বার্থ সংরক্ষণের পাশাপাশি নিজ ব্যবসার সুনাম বজায় রাখার জন্য পরামর্শ দেয় হয়।
- ❖ প্রতিটি প্রতিষ্ঠানকে তার কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে ম্যানেজমেন্ট বিষয়ে প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করার পরামর্শ দেয়া হয়।
- ❖ ফাস্ট ফুড জাতীয় প্রতিষ্ঠানে সেবার মান বাড়ার পরামর্শ দেয়া হয়। মোড়কজাত পণ্যের ক্ষেত্রে নির্ধারিত মূল্যে পণ্য বিক্রয়ে বিশেষ সতর্ক থাকার পরামর্শ দেয়া হয়।
- ❖ রেস্টুরেন্টের কর্মরত কর্মচারীদের এবং তাদের পরিবারের সদস্যদের স্বাস্থ্য বিষয়ে সিভিল সার্জন দপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ করার পরামর্শ দেন।

- ❖ হোটেল-রেস্টুরেন্টে পৌঁড়া তেল, বাঁসি খাবার, নিরাপদ পানি, মাথায় ক্যাপ, ইউনিফর্ম পরিধান, ইত্যাদির ব্যাপারে সতর্ক হওয়ার পরামর্শ দেন।
- ❖ অননুমোদিত প্রসাধনী সামগ্রী ক্রয়-বিক্রয় বিষয়ে সতর্ক হওয়া এবং আমদানীকারকের স্টিকার/লোগো সম্বলিত পণ্য ক্রয়-বিক্রয় এবং নির্ধারিত মূল্য হতে বেশি মূল্য না রাখার জন্য নির্দেশনা দেওয়া হয়।
- ❖ এলপিগিজ বিক্রয়ের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স গ্রহণ করে ব্যবসা পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

আর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ সেলিমুজ্জামান

সহকারী পরিচালক

ফোন : ০৭১৭১৮৮৭

ad-kushtia@dncrp.gov.bd

স্মারক নম্বর - ২৬.০৪.৫০০০.৭১০.০৫.০০১.১৯. ৪৫৪

তারিখ : ১৫ ডিসেম্বর ১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য

০১। উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়, খুলনা।

০২। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব/ক্যাব/বিসিডিএস/বাংলাদেশ হোটেল মালিক সমিতি, কুষ্টিয়া।

০৬। অফিস কপি